# কুমিল্লা বোর্ড-২০১৬

যুক্তিবিদ্যা-প্রথম পত্র

বিষয় কোড : ১ ২ ১

সময়-২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. দৃশ্যকল্প-১: রিমা দোকানে যেয়ে প্রায়ই ঘর সাজানোর জন্য নানা ধরনের জিনিস কিনে এনে ঘর সাজায়। তার পোশাক ও কথাবার্তায় একটি পরিশীলিত স্টাইল আছে। সব কিছুতেই একটি পরিপাটি ভাব। তাই তাকে সবাই পছন্দ করে।

দৃশ্যকল্প-২: ব্যবসায়ী আসাদ ক্রেতাদের সাথে ভালো ব্যবহার করে এবং সীমিত লাভে মানসম্পন্ন পণ্য বিক্রয় করে ও ওজনে সঠিক দেয়। অপরদিকে আসাদের বন্ধু জয়নাল সবসময় যৌক্তিক চিন্তা ও যৌক্তিক কাজ করতে পছন্দ করে।

ক. যুক্তিবিদ্যা কী? ১

খ. নীতিবিদ্যা আদর্শনিষ্ঠ বিজ্ঞান কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ যে দুটি বিষয়ের প্রতিফলন রয়েছে তাদের সম্পর্ক আলোচনা কর। ৪

২. যুবদিবস উপলক্ষে আয়োজিত 'বেকারত্ব দূরীকরণ' শীর্ষক এক কর্মশালায় উপস্থিত বক্তারা নানাভাবে তাদের মতামত উপস্থাপন করেন। সভায় বিশেষ অতিথি বলেন, 'দেশে দিন দিন বেকারত্বের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ বেকারত্বের সংখ্যা কমাতে হলে দেশের শিক্ষার হার বাড়াতে হবে।' প্রধান অতিথিও তার বক্তব্যে বলেন, 'দেশের যতই শিক্ষার হার বৃদ্ধি পাবে ততই বেকারত্ব হ্রাস পাবে।'

ক. পদ কী? ১

খ. 'টি' শব্দটি পদ নয় কেন? ২

গ. উদ্দীপকে পদের কোন সম্পর্কের প্রতিফলন ঘটেছে উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকে পদের যে সম্পর্কের প্রতিফলন ঘটেছে তা কী একই প্রকৃতির বলে মনে কর? মন্তব্য দাও। ৪

৩. স্কুল ছুটির পর মা ছেলে 'অর্নব'কে নিয়ে দোকানে গিয়ে বলল, 'হয় আইসক্রিম, না হয় ড্রিংকস তুমি পাবে।' এ কথা শুনে অর্নব মাকে বরল, 'আমি আইসক্রিম ও ড্রিংকস দুটোই চাই।' তখন মা বললেন, 'তুমি যে কোনো একটিই পাবে।'

ক. যুক্তিবাক্য কাকে বলে? ১

খ. কোন ধরনের বাক্যকে প্রাকল্পিক বাক্য বলে? ২

গ. উদ্দীপকে মা-এর বক্তব্যে কোন প্রকারের যুক্তিবাক্যের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মা ও অর্নবের বক্তব্যের তুলনামূলক আলোচনা কর। ৪

Teachingbd.com

৪. নিপু, দীপু ও ইবতি তিন ভাই-বোন। বাবা-মায়ের সঙ্গে চিড়িয়াখানায় গিয়ে নানা রংয়ের পাখি দেখে ওরা খুব আনন্দিত হয়। একই প্রজাতির পাখির মধ্যে আবার নানা রং দেখে বিস্মিত হয়। তখন নিপু ভাবে মানুষের মধ্যেও তো গায়ের রং-এ ভিন্নতা আছে। দীপু হাতি দেখে ইবতিকে বলে, হাতি এত বড় হয়েও মানুষের কাছে পরাভূত। তখন ইবতি বলে, এই জন্যেই তো মানুষ সৃষ্টির সেরা।

ক. বিধেয়ক কাকে বলে? ১

খ. বিধেয় এবং বিধেয়ক এক নয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত পাখির রং ও মানুষের রং কোন বিধেয়ককে নির্দেশ করছে বুঝিয়ে লেখো। ৩

ঘ. দীপুর বক্তব্যটি বিধেয়কের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. কলেজ পড়ুয়া মেয়ে লুনাকে নিয়ে তার বাবা ঢাকা আসেন চিকিৎসা নিতে। ঢাকা মেডিকেল থেকে রিকসাযোগে যাওয়ার পথে পিছন থেকে একটি বাস প্রচণ্ড গতিতে আঘাত করলে ঘটনাস্থলেই বাবার মৃত্যু হয় এবং লুনা আহত হয়। লুনার মামা সান্ত্বনা দিয়ে বলেন, 'মা শান্ত হও অস্থির হয়ো না। দেখ তোমার দাদা, দাদি, নানা কেউ বেঁচে নেই। সবাইকেই মরতে হবে।' এমন সময় চাচা সেলিম সাহেব লুনাকে সান্ত্বনা দিয়ে বলেন, 'সবাই মারা যাবে, আমিও একদিন মারা যাব।'

ক. অনুমান কাকে বলে? ১

খ. অবরোহ অনুমানের সিদ্ধান্ত আশ্রয়বাক্যের তুলনায় কম ব্যাপক হয় কেন? ২

গ. উদ্দীপকে লুনার মামার উদাহরণটি কোন ধরনের অনুমান নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. লুনার মামা ও চাচা-সেলিম সাহেবের উদাহরনের মধ্যে কোনটিকে তোমরা তুলনামূলক বেশি বাস্তবসম্মত বলে মনে করবে? বিশ্লেষণ কর। ৪

৬. দৃশ্যকল্প-১: সকল জবা হয় ফুল

∴

দৃশ্যকল্প-২ঃ কোনো অসৎ লোক নয় বিশ্বাসী

∴ কোনো বিশ্বাসী লোক নয় অসৎ।

ক. আবর্তনের একটি নিয়ম লেখ। ১

খ. আবর্তনে 'শুধুমাত্র' একটি আশ্রয়বাক্য থাকে কী না বুঝিয়ে লেখো। ২

গ. দৃশ্যকল্প-১ (?) স্থানে আবর্তিত রূপটি কী হবে? ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর কোন পদটি ব্যাপ্য হয়েছে এবং কেন ব্যাখ্যা কর। ৪

৭. জামিল সাহেব ব্যাংকের লোন নিয়ে বাড়ি তৈরির কথা ভাবছিলেন। সেই সময় তার বন্ধু আবিদ তাকে সাহায্য করার জন্য এগিয়ে এলেন এবং 'ক' নামক

Teachingbd.com

ব্যাংকের ম্যানেজারের সাথে তার পরিচয় করিয়ে দিয়ে চলে গেলেন। পরবর্তীতে জামিল সাহেব ম্যানেজারের নির্দেশ মোতাবেক কাগজপত্র তৈরি করে লোন তুলে বাড়ির কাজ সম্পন্ন করলেন।

ক. সহানুমান কী? ১

খ. সহানুমানে কয়টি পদ থাকা আবশ্যক? ২

গ. উদ্দীপকে আবিদের ভূমিকা সহানুমানের কোন পদটিকে নির্দেশ করে? —ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জামিল সাহেব ও ব্যাংক ম্যানেজারের সম্পর্কটি সহানুমানের আলোকে আলোচনা কর। ৪

৮. নাদিম দীর্ঘদিন অসুস্থ। এলাকার চিকিৎসক রফিকের চেম্বারে গেলে তিনি নাদিমের চোখ, হাত ও জিহ্বা পর্যবেক্ষণ করে কিছু ওষুধ দিলেন। ওষুধ সেবনে নাদিম সুস্থ না হলে, বন্ধু রিপন তাকে বগুড়া শহরে গিয়ে একজন বিশেষজ্ঞ চিকিৎসককে দেখাতে পরামর্শ দেয়। বিশেষজ্ঞ চিকিৎসক ড. হান্নান নাদিমকে রক্ত, মলমূত্র পরীক্ষা ও আলট্রাসোনোগ্রাম করতে বললেন। নাদিমের রিপোর্টগুলো দেখে ড. হান্নান যে ওষুধ দিলেন, তা সেবন করে নাদিম সুস্থ হয়ে উঠল।

ক. নিরীক্ষণ কী? ১

খ. নিরীক্ষণের অনুপপত্তি কীভাবে ঘটে? ব্যাখ্যা কর। ২

গ. শহুরে চিকিৎসকের রোগ নির্ণয় পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. আলোচ্য উদ্দীপকে রোগ নির্ণয়ের যে দুটি পদ্ধতির ব্যবহার করা হয়েছে, এর মধ্যে কোনটি উত্তম এবং কেন? ৪

৯. দৃষ্টান্ত-১: যদি কোথাও ধোঁয়া থাকে, তাহলে সেখানে পাখি বাস করে।

সাগরে ধোঁয়া থাকে।

∴ সাগরে পাখি বাস করে।

দৃষ্টান্ত-২: যদি পড়ালেখা কর, তবে পরীক্ষায় পাস করবে।

পড়ালেখা করনি,

∴ পরীক্ষায় পাস করনি।

ক. প্রতীক কাকে বলে? ১

খ. সকল সংকেতকে প্রতীক বলা যায় না কেন? ২

গ. দৃষ্টান্ত-১ এর আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের সত্যতা বিচার কর। ৩

ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এ উপস্থাপিত যুক্তিসমূহের বৈধতা ও অবৈধতার ব্যাপারে তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ২ | ১ |

সময়-৪০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. যুক্তিবিদ্যার জনক কে?**
ক জন স্টুয়ার্ট মিল খ এরিস্টটল
গ জেভন্স ঘ আই.এম. কফি

**২. বিধেয়ক কী?**
ক পদের নাম খ সম্পর্কের নাম
গ যুক্তির নাম ঘ যুক্তিবাক্যের নাম

**৩. যুক্তিবিদ্যা বলতে বোঝায়—**
i. আচরণ সম্পর্কিত বিজ্ঞান
ii. সৌন্দর্য সম্পর্কিত বিজ্ঞান
iii. চিন্তা-সংক্রান্ত বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ iii ঘ ii ও iii

**৪. কম্পিউটার এর আবিষ্কারক কে?**
ক গটলব ফ্রেগে খ হোয়েটলি
গ চার্লস ব্যাবেজ ঘ আইনস্টাইন

**৫. 'হয় তুমি ভাত খাবে না হয় রুটি খাবে'— বাক্যটি কোন ধরনের যুক্তিবাক্য?**
ক নিরপেক্ষ যুক্তিবাক্য খ প্রাকল্পিক যুক্তিবাক্য
গ বৈকল্পিক যুক্তিবাক্য ঘ সংযৌগিক যুক্তিবাক্য

**৬. যুক্তিবিদ্যা ও গণিতের মধ্যে কী ধরনের সাদৃশ্য রয়েছে?**
ক উভয়ই বৈধ ও অবৈধ যুক্তির পার্থক্য নির্ণয় করে
খ উভয়ই সংকেত বা প্রতীক ব্যবহার করে
গ উভয়ই আদর্শনিষ্ঠ বিজ্ঞান
ঘ উভয়ের সিদ্ধান্ত নিশ্চিত

**উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আরিফ তার ছোট ভাই মামুনকে বলল, আমাদের জীবনে যেসব অন্ধবিশ্বাস ও কুসংস্কার রয়েছে সেসব দূর করতে হবে। এজন্য চাই এমন বিষয় শিক্ষা গ্রহণ করা যায় আমাদের বুদ্ধিবৃত্তি ও বিচার শক্তিকে শাণিত করে এবং অন্যের ভুল ধরতে সাহায্য করে।

**৭. উদ্দীপকে আরিফের বক্তব্যে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে?**
ক নীতিবিদ্যা খ মনোবিদ্যা
গ মূল্যবিদ্যা ঘ যুক্তিবিদ্যা

**৮. উদ্দীপকে আরিফের বক্তব্যে যে বিষয়ের প্রতিফলন ঘটেছে তার আদর্শ হলো—**
i. সত্যতা
ii. সৌন্দর্য্য iii. মঙ্গল
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i ও iii

**৯. যুক্তিবিদ্যায় শব্দ কত প্রকার?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**১০. সবচেয়ে বড় জাতি কোনটি?**
ক আসন্নতম জাতি খ মধ্যবর্তী উপজাতি
গ অবর জাতি ঘ পরতম জাতি

**১১. আরোহের বস্তুগত ভিত্তি কী কী?**
ক পরীক্ষণ ও কার্যকারণ নিয়ম
খ নিরীক্ষণ ও পরীক্ষণ
গ প্রকৃতির নিয়ম ও কার্যকারণ নিয়ম
ঘ পরীক্ষণ ও কার্য সংমিশ্রণ

**১২. প্রতীক কোনটি?**
ক কতগুলো বর্ণ খ সবুজ বাতি
গ গাড়ির হর্ন ঘ '+' (যোগ্য) চিহ্ন

**১৩. 'সক্রেটিস হন একজন দার্শনিক'- এ যুক্তিবাক্যে—**
i. উদ্দেশ্য পদ— 'সক্রেটিস'
ii. বিধেয় পদ— 'দার্শনিক'
iii. সংযোজক— 'হয়'
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii
গ i ও iii ঘ i, ii ও iii


**১৪. 'যদি তুমি ভালোভাবে লেখোপড়া করো তবে জিপিএ-৫ পাবে।' — বাক্যটির প্রতীকীরূপ কোনটি?**
ক $P.Q$ খ $P \supset Q$
গ $P \equiv Q$ ঘ $P \vee Q$

**১৫. কারণ ও কার্য পরস্পর—**
ক নিরপেক্ষ পদ খ বিপরীত পদ
গ বিরুদ্ধ পদ ঘ সাপেক্ষ পদ

**১৬. প্রথম সংস্থানের বৈধ মূর্তি কোনটি?**
ক FESTINO খ FESAPO
গ DISAMIS ঘ BARBARA

**১৭. যুক্তিবিদ্যা মূলত কী নিয়ে আলোচনা করে?**
ক ধারণা খ বিশ্বাস
গ অনুমান ঘ সত্যতা

**উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**




**১৮. চিত্রে প্রদর্শিত M জাতির দিক থেকে কোন ধরনের বিধেয়ককে প্রকাশ করেছে?**
ক পরতম জাতি খ মধ্যবর্তী জাতি
গ সমজাতীয় উপজাতি ঘ ক্ষুদ্রতম উপজাতি

**১৯. চিত্রে প্রদর্শিত M এবং O এর মধ্যকার সম্পর্ক হলো-**
ক সমজাতীয় উপজাতি ও ক্ষুদ্রতম উপজাতি
খ বৃহত্তম জাতি ও ক্ষুদ্রতম উপজাতি
গ মধ্যবর্তী জাতি ও ক্ষুদ্রতম উপজাতি
ঘ আসন্নতম জাতি ও ক্ষুদ্রতম উপজাতি

**২০. 'মানুষ দ্বিপদী জীব'— বাক্যটির যৌক্তিক রূপ কোনটি?**
ক কোনো মানুষ নয় চতুষ্পদী
খ কিছু মানুষ হয় দ্বিপদী জীব
গ সকল মানুষ হয় দ্বিপদী জীব
ঘ কিছু মানুষ হয় অ-চতুষ্পদী

**২১. রফিক অন্ধকার রাতে পথ চলতে গিয়ে রাস্তায় পড়ে থাকা শুকনো কলার ডগাকে সাপ মনে করল।— এতে কী ধরনের অনুপপত্তি ঘটেছে?**
ক কাকতালীয় অনুপপত্তি
খ ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ অনুপপত্তি
গ সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ অনুপপত্তি
ঘ দৃষ্টান্তের অ-নিরীক্ষণ অনুপপত্তি

Teachingbd.com

২২. মাধ্যম অনুমানের রূপ কোনটি?
ক) সরল আবর্তন খ) সহানুমান
গ) প্রতিবর্তন ঘ) প্রতি-আবর্তন

২৩. প্রাকল্পিক সহানুমানের প্রধান আশ্রয়বাক্যটি কোন ধরনের যুক্তিবাক্য?
ক) যৌগিক প্রাকল্পিক যুক্তিবাক্য
খ) নিরপেক্ষ যুক্তিবাক্য
গ) প্রাকল্পিক যুক্তিবাক্য
ঘ) বৈকল্পিক যুক্তিবাক্য

২৪. যুক্তিবিদ্যা একটি কলাবিদ্যা। কারণ—
ক) এটি অনুমান প্রক্রিয়ার সাহায্য নেয়
খ) এটি বিষয়বস্তুর গভীরে প্রবেশ করে
গ) এটি জ্ঞানকে বাস্তবে প্রয়োগের কৌশল শিক্ষা দেয়
ঘ) এটি বস্তুগত ও আকারগত সত্যতা নিয়ে আলোচনা করে

২৫. 'ঢাকা' শব্দটি কোন ধরনর পদ?
ক) যৌগিক পদ খ) সরল পদ
গ) সমষ্টিবাচক পদ ঘ) ব্যাহতার্থক পদ

২৬. সকল মানুষ হয় ক্রিকেটপ্রেমিক;
রানা হয় একজন মানুষ;
সুতরাং রানা হয় ক্রিকেটপ্রেমিক।
উল্লিখিত উদ্দীপকে যুক্তিটি কোন ধরনের যুক্তিকে নির্দেশ করে?
ক) প্রাকল্পিক নিরপেক্ষ সহানুমান
খ) দ্বিকল্প সহানুমান
গ) নিরপেক্ষ সহানুমান ঘ) বৈকল্পিক সহানুমান

২৭. যদি পরিশ্রম কর তবে সফল হবে;
সফল হয়েছ;
∴ পরিশ্রম করেছ।
উদ্দীপকে উল্লিখিত যুক্তিটি বিশ্লেষণ করলে দেখা যায় যে, এতে—
ক) অপ্রাপ্য মধ্যপদজনিত অনুপপত্তি ঘটেছে
খ) অবৈধ প্রধান পদজনিত অনুপপত্তি ঘটেছে
গ) অবৈধ অ-প্রধান পদজনিত অনুপপত্তি ঘটেছে
ঘ) অনুগ স্বীকৃতিমূলক অনুপপত্তি ঘটেছে

২৮. সকল লেখক হয় জ্ঞানী (A)
∴ কিছু লোক হয় লেখক (I)
—যুক্তিটি কোন ধরনের অনুমান?
ক) সহানুমান খ) সরল আবর্তন
গ) অ-সরল আবর্তন ঘ) প্রতি-আবর্তন

২৯. অনুমান প্রধানত কত প্রকার?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

৩০. প্রধান পদ যে আশ্রয়বাক্যে থাকে তাকে কী বলে?
ক) সাধারণ বাক্য খ) প্রধান আশ্রয়বাক্য
গ) সিদ্ধান্ত ঘ) অ-প্রধান আশ্রয়বাক্য

৩১. 'অন্ধ' ও 'বোবা' দুটি কোন ধরনের পদ?
ক) সদর্থক পদ খ) বিপরীত পদ
গ) ব্যাহতার্থক পদ ঘ) বিরুদ্ধ পদ

৩২. মানুষের গায়ের বর্ণ হিসেবে 'কালো রঙ' হচ্ছে—
ক) শ্রেণিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
খ) শ্রেণিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
গ) ব্যক্তিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ
ঘ) ব্যক্তিগত অবিচ্ছেদ্য অবান্তর লক্ষণ

৩৩. আরোহ অনুমানের সিদ্ধান্তটি হলো—
ক) আশ্রয়বাক্যের বিপরীত
খ) আশ্রয়বাক্যের সমব্যাপক
গ) আশ্রয়বাক্যের তুলনায় কম ব্যাপক
ঘ) আশ্রয়বাক্যের তুলনায় বেশি ব্যাপক

৩৪. সহানুমানে মধ্যপদ কমপক্ষে একবার ব্যাপ্য না হলে—
ক) অব্যাপ্য মধ্যপদজনিত অনুপপত্তি ঘটে
খ) অবৈধ প্রধান পদজনিত অনুপপত্তি ঘটে
গ) অবৈধ অপ্রধান পদজনিত অনুপপত্তি ঘটে
ঘ) চতুষ্পদী অনুপপত্তি ঘটে

৩৫. আরোহমূলক লম্ফ কী?
ক) বিশেষ থেকে বিশেষে গমন
খ) বিশেষ থেকে সার্বিকে গমন
গ) সার্বিক থেকে বিশেষে গমন
ঘ) সার্বিক থেকে সার্বিকে গমন

৩৬. পরীক্ষণে ঘটনাকে—
i. কৃত্রিমভাবে উৎপাদন করা যায়
ii. ধীরস্থিরভাবে প্রত্যক্ষণ করা যায়
iii. বার বার উৎপাদন করা যায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:**
অপূর্ব তার কলেজে কয়েকজন ছাত্রছাত্রীর মাঝে জরিপ চালিয়ে দেখল যে, তাদের সবাই হুমায়ূন আহমদের উপন্যাস পছন্দ করে। তাই সে সিদ্ধান্ত নিল যে, কলেজের সকল ছাত্র-ছাত্রী হুমায়ূন আহমদের উপন্যাস পছন্দ করে।

৩৭. উদ্দীপকে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?
ক) ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ
খ) দৃষ্টান্তের অনিরীক্ষণ
গ) সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ
ঘ) প্রয়োজনীয় অবস্থাবলির অনিরীক্ষণ

৩৮. উদ্দীপকে অপূর্ব কোন পদ্ধতির সাহায্যে সিদ্ধান্ত গ্রহণ করেছে?
ক) অন্বয়ী পদ্ধতি খ) যৌথ অন্বয়ী পদ্ধতি
গ) অবরোহ পদ্ধতি ঘ) আরোহ পদ্ধতি

৩৯. সেলিম ও সাকিব চিড়িয়াখানায় বেড়াতে গেল। সেখানে নানা ধরনের হরিণ দেখে সেলিম বলল, সকল হরিণ হয় মায়াবী।' এদিকে সাকিবের কাছে হাতি প্রিয় হলেও সে বলল, 'কিছু হাতি হয় হিংস্র।'— উদ্দীপকে সেলিম ও সাকিবের বক্তব্যে যে দুটি যুক্তিবাক্য ফুটে উঠেছে তাদের প্রতীকী রূপ কী কী?
ক) A, A খ) A, I
গ) I, E ঘ) E, E

৪০. বৈকল্পিক বচনের যোজক কোনটি?
ক) যদি এবং কেবল যদি খ) যদি- তবে
গ) হয়-না হয় ঘ) এমন নয় যে

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ খ | ৩ গ | ৪ গ | ৫ গ | ৬ খ | ৭ ঘ | ৮ ক | ৯ ঘ | ১০ ঘ | ১১ খ | ১২ ঘ | ১৩ ঘ | ১৪ খ | ১৫ ঘ | ১৬ ঘ | ১৭ গ | ১৮ ক | ১৯ ঘ | ২০ গ |
| ২১ খ | ২২ খ | ২৩ গ | ২৪ গ | ২৫ ঘ | ২৬ গ | ২৭ ঘ | ২৮ গ | ২৯ ক | ৩০ ঘ | ৩১ গ | ৩২ ক | ৩৩ ঘ | ৩৪ ক | ৩৫ ঘ | ৩৬ ঘ | ৩৭ খ | ৩৮ ঘ | ৩৯ খ | ৪০ গ |

http://teachingbd.com